# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২২৫৭

তারিখ ১২ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০১৭ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬০৮ তম কমিশন সভা অদ্য ২৭/০৭/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. অদ্যকার সভায় কমিশন Nahee Aluminum Composite Panel Ltd. এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ১.৫০ (এক দশমিক পঞ্চাশ) কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১৫ (পনের) কোটি টাকা পুঁজি উত্তোলন করে Loan repayment, purchase of Plant & Machinery and construction of new building এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১২.৭৮ এবং শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৩৩। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Banco Finance and Investment Limited।

২. Bengal Fine Ceramics Ltd (Issuer) এর জুন ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 12 লঙ্ঘন করেছে। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিক, ডিসেম্বর ৩১, ২০১৪ তারিখে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন এবং মার্চ ৩১, ২০১৫ তারিখে সমাপ্ত তৃতীয় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখ September 27, 2009 এর লঙ্ঘন করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Bengal Fine Ceramics Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. Republic Insurance Co. Ltd. (Issuer) তাদের ৩১ ডিসেম্বর ২০১৩ সমাপ্ত বৎসরের Balance Sheet এবং Cash Flow Statements –এ advance, deposit এবং prepayments সংক্রান্ত উপস্থাপনা ও disclosure সংশ্লিষ্ট IAS/BAS অনুযায়ী প্রস্তুত না করায় Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006 এর Rule 3(e) ভঙ্গ হয়েছে। উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Republic Insurance Co. Ltd. -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও উক্ত কোম্পানীর অডিটর A. Matin & Co., Chartered Accounts বিষয়টি নীরিক্ষা রিপোর্টে qualified opinion হিসাবে উল্লেখ না করায় উক্ত নীরিক্ষক এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) –এ প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. Prime Textile Spinning Mills Limited (Issuer) তাদের ৩০ জুন ২০১৪ সমাপ্ত বৎসরের আর্থিক হিসাব বিবরণী IAS-16/BAS অনুযায়ী পুনঃমূল্যায়িত সম্পদের (revaluation asset) বিপরীতে যথাযথভাবে অবচয় (depreation) ধার্য না করে Statement of Comprehensive Income প্রস্তুত করেছে- যা উক্ত কোম্পানির নীরিক্ষকের রিপোর্টে qualified opinion হিসাবে উল্লেখ ছিল না। বিষয়টি পরীক্ষাপূর্বক দেখা যায় যে, যথাযথভাবে অবচয় ধার্য না করে

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Statement of Comprehensive Income প্রস্তুতের ফলে ইস্যুয়ার কোম্পানীর ৩০ জুন ২০১৪ সমাপ্ত বৎসরের অবচয় খরচ ৬.১৬ কোটি টাকা কম দেখানো হয়েছে। ফলশ্রুতিতে বর্ণিত বৎসরে ইস্যুয়ার কোম্পানীর মুনাফা ও শেয়ার প্রতি আয় (EPS) অতিমূল্যায়িত হওয়ায় বিনিয়োগকারীরা বিভ্রান্ত হয়েছেন। Prime Textile Spinning Mills Limited এর উল্লেখিত কার্যকলাপ Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2) এর লংঘন। বর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য Prime Textile Spinning Mills Limited এর প্রত্যেক পরিচালক -কে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও কোম্পানীর অডিটর Shafiq Basak & Co., Chartered Accounts বিষয়টি নীরিক্ষা রিপোর্টে qualified opinion হিসাবে উল্লেখ না করায় উক্ত নীরিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) –এ প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৫. Fu-Wang Foods Limited জুন ৩০, ২০১৪ সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণীতে তাদের সাবসিডিয়ারী কোম্পানী Fu-Wang Beverage Ltd. এর হিসাব সমন্বিত করে Consolidated Financial Statements তৈরী না করে IAS/BAS-27 এবং Securities and Exchange Rules 1987 এর Rule 12(2) ভঙ্গ করেছে। এছাড়া সাবসিডিয়ারী কোম্পানীতে অগ্রিম হিসাবে প্রদত্ত ২,৫৩,৪০,০০০ টাকা যা ৩০ শে জুন ২০১৪ এ সমাপ্ত হিসাব বিবরণীতে প্রদর্শিত হলেও প্রয়োজনীয় প্রামাণিক দাখিলে ব্যর্থ হয়েছে। এছাড়াও Work in Progress হিসাবে ২,১৪,২২,১৪০ টাকা এবং ৩,২৫,৭৮,৯২২ টাকা যথাক্রমে ৩০ শে জুন ২০১৪ এবং ৩০ শে জুন ২০১৩ সমাপ্ত বৎসরের Cash Flow Statements এ প্রদর্শিত হলেও প্রয়োজনীয় প্রামাণিক দাখিলে ব্যর্থ হয়েছে। বর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য Fu-Wang Foods Limited এর প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২৭/০৭/২০১৭

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।